



বর্ণ ও শব্দসমূহ

রিসেশন ক্লাসের শিশুদের অভিভাবকদের জন্য বাগ্‌ধ্বনি বা বাংলা ভাষায় বানান দেখে
উচ্চারণের তথ্যাবলী


স্কুলে আপনার শিশুকে কিভাবে বাগ্‌ধ্বনি ব্যবহার করে পড়তে ও লিখতে হয় তা শিখানো হবে।
তাদেরকে শিখানো হবে

- কিভাবে শব্দের উচ্চারণ শুনতে হয়
- বর্ণের সাথে ধ্বনির পরিচিতি
- কিভাবে শব্দ ভিন্ন ভিন্ন ধ্বনিতে ভেঙ্গে পড়তে হয়
- কিভাবে উচ্চারণ মিশ্রন করে লিখতে হয়

অনেক অভিভাবকরা যাদের মাতৃ ভাষা ইংরেজি নয় তারা তাদের শিশুদের ইংরেজির বাগ্‌ধ্বনি বা বর্ণের
উচ্চারণ শিখাতে সংকা বোধ করেন। আপনি কিভাবে বাড়িতে আপনার সন্তানকে বর্ণের উচ্চারণ ব্যবহার
করে পড়তে সহায়তা করতে পারেন, তা এই প্রবন্ধটিতে ব্যাখ্যা করা হয়েছে।

যেভাবে সাউন্ড টক(বাগ্‌ধ্বনি)শিখতে হয়

শিক্ষক শিশুদের দেখিয়ে দিবেন কিভাবে এটি করতে হবে **c-a-t (কা-এ-ট)=**

cat(ক্যাট)।  ক্রমাগতভাবে শব্দের প্রতিটি ধ্বনি আলাদা ভাবে জোরে উচ্চারণ করে

সম্পূর্ণ শব্দে রূপান্তরিত করাকে ইংরেজিতে ব্লেন্ডিং বলা হয়। ব্লেন্ডিং পড়ার জন্য অত্যন্ত ঐচ্ছিক
একটি কৌশল।

শিশুরা এটি **Dev** ভাবেও করতে শিখবে— **cat(ক্যাট) = c-a-t(কা-এ-ট)**। প্রথমে শব্দটি জোরে
উচ্চারণ করে ক্রমান্বয়ে এর প্রতিটি ধ্বনি আলাদা ভাবে ভেঙ্গে উচ্চারণ করাকে ইংরেজিতে সেগমেন্টিং বলা
হয়। সেগমেন্টিং শিশুদের বানান শিক্ষার জন্য অতি প্রয়োজনীয় একটি কৌশল। শব্দ ভেঙ্গে এর প্রতিটি ধ্বনি
বা উচ্চারণ শোনা শিশুদের জন্য অত্যন্ত জরুরি।

যেভাবে আপনি আপনার শিশুকে বাড়িতে সহায়তা প্রদান করতে পারেন

সাউন্ড টকিং(বাগ্‌ধ্বনির ব্যবহার) – আপনি এটি আপনার মাতৃভাষায় অথবা ইংরেজিতেও করতে
পারেন। বাড়িতে আপনার আশেপাশে যে কোন বস্তু, যার শব্দে তিনটি ধ্বনি রয়েছে সেটি দিয়ে ‘সাউন্ড
টক(বাগ্‌ধ্বনি)’ চর্চা করুন।

প্রথমে আপনার শিশুদের শুনতে দিন, পরে দেখুন ওরা আপনার সাথে যোগ দেয় কিনা, যেমন, বলুন

‘I spy a c-u-p – cup.’ (আই স্পাই এ ক-আ-প)

'Where's your other s-o-ck – sock?' (ওয়ের ইজ্ ইয়ুর আদার স-ও-ক)

বর্ণের সাথে ধ্বনির পরিচিতি

শিশুদেরকে বর্ণের উচ্চারণ শিখানো হবে, প্রতিটি বর্ণের সাথে এর ধ্বনির পরিচিতি এবং কিছু কিছু ধ্বনি সম্বন্ধে যার উচ্চারণ এক কিংবা এর অধিক বর্ণের যোগে একই রকম হয়, যেমন, ll (ডাবল এল) এর ল্ উচ্চারণ, ইংরেজি বানান **b-e-ll**(বে-ল্) এ লক্ষ্য করা যায়।

শিশুরা বর্ণ ও শব্দ দেখার সাথে সাথে শুনতেও পাবে এবং তাদেরকে দেখানো হবে কিভাবে চুস্ক কিংবা কাঠের বর্ণ একসাথে জুড়ে দিয়ে ছোট একটি পূর্ণ শব্দ গঠন করা যায়। আরও শিখানো হবে, কিভাবে সেই শব্দগুলো পড়তে হয় এবং ভেঙ্গে উচ্চারণ করতে হয়।

ধ্বনির উচ্চারণ করা

আপনার শিশুকে শিখানো হবে কিভাবে শুদ্ধ ভাবে ধ্বনি উচ্চারণ করতে হয়, যাতে তারা সহজে ধ্বনির মিশ্রণ কিংবা ব্লেন্ডিং করতে পারে। **এ্যানুসিয়েশন ভিডিও** এর জন্য ক্লাসের শিক্ষককে জিজ্ঞেস করুন, যাতে আপনি সঠিক ভাবে ইংরেজি উচ্চারণের চর্চা করতে পারেন এবং বাড়িতে বসেই আপনার শিশুকে সহায়তা করতে পারেন।

যেভাবে আপনি আপনার শিশুকে বাড়িতে সহায়তা প্রদান করতে পারেন



চুস্কের বর্ণ

আপনার ফ্রিজ কিংবা টিন ট্রায়ের জন্য চুস্কের বর্ণ ক্রয় করুন। খুঁজে দেখুন আপনার শিশুকে কোন বর্ণগুলো শিখানো হয়েছে- বর্ণ গুলো মজাদার উপায়ে তাদের সাথে খুঁজে বের করুন এবং সেগুলোকে চুস্কাকারিত কোন পৃষ্ঠে লাগান।

একসাথে ছোট ছোট শব্দ তৈরী করা

একসাথে ছোট ছোট শব্দ তৈরী করুন, যেমন, *it* (ইট), *up* (আপ), *am* (এ্যাম), *and* (এবং), *top* (টপ), *dig*(ডিগ), *run* (রান), *met* (মেট), *pick*(পিক)। বর্ণ চয়ন করার সময় জোরে উচ্চারণ করুন: '*a-m* (এ্যাম)- *am* (এ্যাম)', '*m-e-t* (মা-এ-ট) -*met*' (মেট)। আপনি এসব আপনার মাতৃ ভাষায়ও করতে পারেন।



লিখতে শিখার জন্য প্রস্তুতি

শিক্ষকগণ শিশুদের শিখাবেন কিভাবে বর্ণ গঠন করতে হয়, পর্যাপ্ত নিয়ন্ত্রনের মাধ্যমে পেন্সিল ধরতে হয় এবং হাত ও আঙ্গুলদ্বারা ছোট ছোট সঙ্কেত তৈরীর চর্চা করা যায়।

ছোট হাতের অক্ষর লিখতে শিখা

ইংরেজি ছোট হাতের অক্ষরের সাথে সাথে বড় হাতের অক্ষরও কিভাবে লিখতে হয় তা শিশুদের শিখানো হবে। যেহেতু বেশীর ভাগ লিখা ছোট হাতের অক্ষরের হয় সেহেতু আপনি এগুলো শিশুকে বাড়িতে চর্চা করালে উপকৃত হবেন।

যেভাবে আপনি আপনার শিশুকে বাড়িতে সহায়তা প্রদান করতে পারেন

সম্পূর্ণ শরীরের সমন্বয় ও ব্যবহার: হাতের লিখার জন্য শিশুদের শুধুমাত্র হাত ও আঙ্গুল নয় পুরো শরীরের সমন্বয় প্রয়োজন। শরীরের পূর্ণ সমন্বয়ে সহায়তা করে এ ধরনে খেলার (যেমন, বাহুর উপরে, নিচে অথবা কোন নিশানায় বল ছোড়া, বলটিকে কোন নির্দিষ্ট জায়গায় লাফানো, ফ্রিজবি ছোড়া কিংবা সমুদ্রের পাড় হতে ছোট পাখড় কুড়িয়ে সেটিকে সমুদ্রে ছোড়া) আয়োজন করুন।

হাত ও আঙ্গুলের খেলা: শিশুদের আঙ্গুল যেমনি ময়ান অথবা মাটি দিয়ে খেলা করলে মজবুত হয় তেমনি রান্না-বান্না খেলা এবং সাধারণ রান্নার সরঞ্জামের ব্যবহারে তাদের হাত ও আঙ্গুলের বল বৃদ্ধিতে সহায়তা করে।

হাত ও চোখের সমন্বয়: বিভিন্ন মাপের জগে ও কাপে পানি ঢালা, ডাস্ট প্যান ও ব্রাশ দিয়ে মোছা, কাটা, (আঠা) লাগানো, খোঁজা, পুঁতির মালা গাথা, ধাঁধার সমাধান করা, স্টিকারের খোসা ছোলানো এবং সেটিকে সঠিক জায়গায় লাগানো- এই সবই শিশুদের হাত ও চোখের সমন্বয়ে সহায়তা করে।

পেন্সিল ধরা: পেন্সিল চেপে ধরে চালানোর চর্চা করতে হবে। পেন্সিল সঠিক ভাবে ধরে লিখার জন্য এই চর্চাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার শিশুকে রান্নার একটি চিমটা দিন এবং লক্ষ্য করুন তারা সেটি ব্যবহার করে ছোট ছোট জিনিষ তুলতে পারে কিনা। তারপর খেলাটা একটু কঠিন করে ফেলুন, যেমন, ছোট চতুর্ভুজ, জট বাধা চিনি, শুকনো মটরশুটির দানা, ডাল তোলার জন্য প্রথমে চপস্টিক এবং পরে শণ দিন। তাদেরকে নানা রকমের কলম ও পেন্সিল দিয়ে ওদের হাত ধরে সঠিক ভাবে পেন্সিল চেপে ধরার চর্চা করান।